



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকীতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের আয়োজনে স্বচ্ছায় রক্তদান কর্মসূচি

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২০ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বিভিন্ন কর্মসূচির পাশাপাশি প্রথমবারের মত স্বচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বরিশাল বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের সার্বিক সহযোগিতায় পরিচালিত এ রক্তদান কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রক্তদান কর্মসূচির উদ্বোধন করবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশালের পরিচালক ডাঃ মোঃ এইচ, এম, সাইফুল ইসলাম এবং সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ, বরিশালের অধ্যক্ষ অধ্যাপক ডাঃ সৈয়দ মাকসুমুল হক। এদিন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-১ এর নীচ তলায় সকাল ১০ টায় শুরু হয়ে বিকাল ৩ টা পর্যন্ত চলবে রক্তদান কর্মসূচি। এ প্রসঙ্গে উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া বলেন, প্রতিষ্ঠাবার্ষিকীর এ মাহেন্দ্রক্ষণটিকে স্মরণীয় করে রাখতে এ স্বচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়েছে। “মানুষের প্রয়োজনে মানুষ” এই বার্তাটি বরিশাল বিশ্ববিদ্যালয়সহ সকলের কাছে পৌঁছে দিতেই বিশ্ববিদ্যালয় দিবসের মত দিনে এই কর্মসূচির আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে স্বচ্ছায় রক্তদান কর্মসূচির পাশাপাশি এদিন আনন্দ র্যালি, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়